



# বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

## Bangladesh College of Physicians & Surgeons

বিসিপিএস নং- ৭৭৬/২০২১/১৭১৯৫

তারিখ : ১২-১২-২০২১ খ্রিঃ

### নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর অডিটোরিয়ামসহ বিদ্যমান তিন তলা ভবন “ব্লক-এ” অপসারণযোগ্য স্থাপনা ও মালামাল নিলামে বিক্রয়ের লক্ষ্যে ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/ফার্ম/ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে মুখবন্ধ খাম (Sealed Quotation) এর মাধ্যমে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলাম দরপত্র সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলোঃ

১.	নিলামের নাম	বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)-এর অডিটোরিয়ামসহ বিদ্যমান তিন তলা ভবন ব্লক-এ অপসারণযোগ্য স্থাপনা ও মালামাল নিলামে বিক্রয়।
২.	নিলাম কোটেশন আহ্বানকারী	অনারারি সচিব, বিসিপিএস।
৩.	নিলাম বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	১৩/১২/২০২১ খ্রি.
৪.	নিলাম কোটেশন বিক্রির স্থান	হিসাব বিভাগ, বিসিপিএস, ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২।
৫.	নিলাম কোটেশন বিক্রির তারিখ ও সময়	১৩/১২/২০২১ খ্রি. থেকে ২৬/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) উল্লেখ্য যে, ২৬/১২/২০২১ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত কোটেশন বিক্রয় করা হবে।
৬.	নিলাম দরপত্র গ্রহণের স্থান তারিখ ও সময়	ক) কক্ষ নং ২০২, ২য় তলা, ব্লক-সি, বিসিপিএস, ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২। খ) সহকারী পরিচালক (প্রশাসন), ৪র্থ তলা, স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), মহাখালী, ঢাকা। গ) অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা। ঘ) অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা। ঙ) নির্বাহী প্রকৌশলী কার্যালয়, ঢাকা সিটি বিভাগ, স্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা। ১৩/১২/২০২১ খ্রি. থেকে ২৬/১২/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত (অফিস চলাকালীন সময়) উল্লেখ্য যে, ২৬/১২/২০২১ খ্রি. তারিখ দুপুর ১২.০০ টা পর্যন্ত কোটেশন আবেদন গ্রহণ করা হবে।
৭.	নিলাম দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	পুরাতন কাউন্সিল কক্ষ, বিসিপিএস, ৬৭, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণী, মহাখালী, ঢাকা-১২১২, তারিখঃ ২৬/১২/২০২১খ্রি. সময়: ৩.০০ টা
৮.	নিলামযোগ্য মালামাল পরিদর্শন	নিলাম বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার পর থেকে প্রত্যেক অফিস চলাকালীন সময় আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধি নিলামযোগ্য ভবনসহ সকল মালামাল পরিদর্শন করতে পারবেন।
৯.	ভবন অপসারণ এবং মালামাল গ্রহণের সময়সীমা	কার্যাদেশ প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে অবশ্যই ভবন অপসারণ এবং মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% হারে জরিমানা পরিশোধ করতে হবে।
১০.	আয়কর/ভ্যাট	সর্বোচ্চ দরদাতা যে দর দাখিল করবেন মালামাল বুঝে নেয়ার পূর্বে অবশ্যই সরকারী নির্ধারিত আয়কর ৩% থেকে ৫% পর্যন্ত (যা মোট উদ্ধৃত মূল্যের উপর নির্ধারিত হবে) এবং ভ্যাট ৭.৫% প্রদান করতে হবে।

শর্তাবলীঃ

- আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধি নিলাম কোটেশন ডকুমেন্ট ক্রয়ের জন্য ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) কলেজের হিসাব বিভাগে জমা দিতে হবে।
- নিলাম দরপত্রে অংশগ্রহণকারীকে মোট উদ্ধৃত মূল্য কথায় ও অংকে উল্লেখ করতে হবে। উদ্ধৃত দরে অসামঞ্জস্য/ঘষামাজা/অস্পষ্টতা গ্রহণযোগ্য নহে।
- আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ ও ভ্যাট নিবন্ধনপত্র অবশ্যই দাখিল করতে হবে।
- নিলাম দরপত্র সিডিউলে নিলাম দরদাতাকে নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে।
- আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে উদ্ধৃত দরের ১০% টাকা জামানত হিসেবে “সচিব, বিসিপিএস” এর অনুকূলে যেকোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডারের মাধ্যমে কোটেশন আবেদনপত্রের সাথে জমা দিতে হবে। দরদাতা নিলাম কোটেশনে অকৃতকার্য হলে জামানতের টাকা ফেরত দেয়া হবে।
- আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধির ব্যাংক একাউন্ট বা তার ব্যক্তিগত/প্রতিষ্ঠানের অনুকূলে কমপক্ষে ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা থাকতে হবে। যার প্রমাণপত্র কোটেশন আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।
- নিলাম কোটেশন খোলার সময় দরদাতা বা তাঁর মনোনীত একজন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবে।
- সর্বোচ্চ দরদাতার নিকট নিলামের মালামাল বিক্রয় করা হবে। সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে মোট উদ্ধৃত দরের শতকরা ৫০% মূল্য অগ্রিম পরিশোধ করে কার্যাদেশ গ্রহণ করতে হবে, নতুবা জামানত বাজেয়াপ্তসহ নিলামপত্র বাতিল বলে গণ্য হবে।
- সর্বোচ্চ দরদাতা ভবন অপসারণ ও মালামাল নিতে অস্বীকার করলে তাঁর জামানত বাজেয়াপ্ত করে বিসিপিএস-এর কোষাগারে জমা দেয়া হবে এবং পরবর্তী সর্বোচ্চ দরদাতাকে উদ্ধৃত দরের টাকা জমা দিয়ে মালামাল গ্রহণ করতে হবে। তিনিও যদি অপারগতা প্রকাশ করেন, তবে তাঁর জামানতও বাজেয়াপ্ত করে বিসিপিএস-এর কোষাগারে জমা দেয়া হবে এবং উক্ত ভবন অপসারণ ও মালামালের পুনঃনিলাম বিজ্ঞপ্তি জারি করা হবে।
- বিসিপিএস কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(অধ্যাপক মোঃ বিল্লাল আলম)

অনারারি সচিব

বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্ (বিসিপিএস)